গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ০৮/০১/২০২৬ খ্রি.

## ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-এর অধীনে ২০২৬ এর এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের জ্ঞাতব্য নিয়মাবলী :-

১) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা ২০২১ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা ২০২০ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

২) প্রাইভেট পরীক্ষার্থীগণ নতুন পাঠ্যসূচি অনুযায়ী (২০২৬ সালের) পরীক্ষায় অংশগ্রহন করবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায় প্রযোজ্য হবে।

৩) শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরিরত ব্যক্তি এবং অন্ধ ব্যক্তি ব্যতিত অন্যান্য সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীগণকে বোর্ডের নির্ধারিত কোন কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪) প্রাইভেট পরীক্ষার্থীগণ শুধু মানবিক এবং ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ব্যতিত) যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয় নেয়া যাবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৫) বোর্ডের কর্মচারীগণ কর্মরত অবস্থায় নিজ বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তাবে পরীক্ষা দিতে ইচ্ছুক বোর্ড কর্মচারীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬) সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীগণকে কলেজ অধ্যক্ষের নিকট আগামী **০৮/০১/২০২৬** হতে **১৮/০১/২০২৬** তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি ও অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে। (সরকারি ছুটির দিন ব্যতীত)

৭) **দলিলাদির বিবরণ :**

ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত নম্বরফর্দ ২ কপি ও মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী **১৯৯৫** সালের আগে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।

খ) এছাড়া যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বর পত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী **১৯৯৫** সালের আগে মাদ্রাসার শিক্ষা বোর্ড থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৭ বা তৎপূর্ববর্তী বছরে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র আবেদন পরম পূরণের সময় জমা দিতে হবে।

ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/এ বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারী গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্তপক্ষে ০২ বছর আগ পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিস্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও উহার মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৬ সনের উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

চ ) প্রার্থীর সম্প্রতিক তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ফটোর সম্মুখভাবে প্রার্থীর নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দ্বারা সত্যায়িত করে আইকা/আঠা দিয়ে রেজিস্ট্রেশন কার্ডে লাগাতে হবে।

ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরির মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত ০৩ বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১ বছর যাবৎ সক্রিয় ভাবে চাকুরিতে আছে এ মর্মে পুলিশ সুপার/কামর্ন্ডিং অফিসার এর সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরকৃত সার্টিফিকেট জমা দিতে হবে।

ঝ) কোন অবস্থাতে নম্বরপত্র / ট্রান্সক্রিপ্টের পরিবর্তে এসএসসি পরীক্ষার সনদপত্র দিয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিষ্ট্রশন করা যাবে না।

৮) যে সকল প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তাদেরকে আবশ্যিক বিষয় বাংলা এবং ইংরেজীসহ অন্য যে কোন তিনটি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। এক্ষেত্রে প্রত্যেক বিষয়ে ১০০ নম্বর এবং সময়কাল ০৩ ঘন্টা।

৯) প্রাইভেট পরীক্ষার্থীগণের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে বিবেচিত হবে।

১০) প্রাইভেট পরীক্ষার্থীগণকে পরীক্ষার আগে বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজসমূহের যে কোন একটিতে রেজিস্ট্রেশন করতে হবে। উক্ত রেজিস্ট্রেশন শুধু একটি পরীক্ষার জন্য কার্যকর হবে। তবে এ পরীক্ষা যদি কেউ শুধু একটি বিষয়ে অকৃতকার্য হয় তাহলে ঐ এক বিষয়ে পরীক্ষা দেয়ার জন্য তার রেজিস্টেশনের মেয়াদ পরবর্তী এক বছরের জন্য নবায়ন করা যাবে।

১১) প্রাইভেট রেজিস্ট্রেশন ফি জমাদান পদ্ধতি :

https://billpay.sonalibank.com.bd/HSCFee/Payment/OthersFee?eiin=106642

মোবাইল ব্যাংকিং (নগদ,বিকাশ,রকেট,টেপ,সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার) এর মাধ্যমে ব্যবস্থাপনা ফি ১৫০/-, রেজিস্ট্রেশন ফি ২০০/-, নির্বাচনী পরীক্ষার ফি = ৩০০/- টাকাসহ ৬৫০/-(ছয়শত পঞ্চাশ) জমা দেওয়ার পর **পেমেন্ট এর কপি, আবেদন পত্র ও অনান্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ উচ্চমাধ্যমিক শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।**

১২) প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নির্বাচিত হবে সে কলেজের নির্ধারিত কেন্দ্রে তারা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন্ অবস্থায় কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

০৮/০১/২৬
প্রফেসর মোহাম্মদ এনামুল হক ভূঁইয়া
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী